

৩০/১০/৯২

দৈনিক ইত্তেফাক

১০৬

তারিখ 22 NOV 1992

পৃষ্ঠা... ২... কলাম... ৪...

বিশ্ববিদ্যালয় বাচাইতে হইলে
শ্রদ্ধাবোধ ও সহযোগিতা
প্রয়োজন..... ভারপ্রাপ্ত ভিসি
ইত্তেফাক বিপোর্ট চাকা
বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি
প্রফেসর এমাজ উদ্দিন আহম্মদ
বলিয়াছেন দেশের জন্য যাহা
কিছু গোরবের তাহার অধি-
(২য় পৃ: ৮-এর ক: ৬:)

ভারপ্রাপ্ত ভিসি

(১ম পৃ: পর)

কাংশট চাকা বিশ্ববিদ্যালয়ের
অবদান। প্রাণপ্রিয় এই শিক্ষা
প্রতিষ্ঠানটিকে বাচাইতে হইলে
এই মুহূর্তে প্রয়োজন ছাত্র-শিক্ষক-
সহ সংশ্লিষ্ট সকলের পারস্পরিক
শ্রদ্ধাবোধ ও আন্তরিক সহযোগিতা।
ভিসি হিসাবে দায়িত্ব গ্রহণেয় পর
গতকাল (শনিবার) প্রথম বারের
মত বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের
উদ্দেশ্যে বক্তৃতাকালে প্রফেসর
এমাজউদ্দিন আহম্মদ এই কথা
বলেন। ভিসির আমন্ত্রণে গতকাল
টি.এস.সি. মিলনায়তনে বিশ্ব-
বিদ্যালয়ের অধিকাংশ শিক্ষক-
শিক্ষিকা তাহার বক্তব্য শোনার
জন্য উপস্থিত হন।

ভিসি বলেন, তাহার প্রশাসন
অবাধ ও নিরপেক্ষ থাকিবে।
ব্যক্তি নয় প্রাতিষ্ঠানিক স্বার্থকেই
সর্বাগ্রে গুরুত্ব দেওয়া হইবে।
বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ এর
পরিবর্তন দরকার হইলে আমরাই
তাহা চিন্তা করিব। সেশন জটকে
বিশ্ববিদ্যালয়ের একটি প্রধান
সমস্যা আখ্যা দিয়া তিনি বলেন,
এইচএসসি পরীক্ষার পর বিশ্ব-
বিদ্যালয় পর্ষায়ে একই সময়ে ছাত্র-
ছাত্রীর ভতি প্রক্রিয়া শুরু না হইলে
এই সমস্যা দূর করা সম্ভব নয়।
ক্যাম্পাসে সন্ত্রাস সম্পর্কে তিনি
বলেন, আমাদের ছাত্রেরা সন্ত্রাসী
কর্মকাণ্ডে জড়িত নয়। তাহাদের
লেখাপড়ার সমস্যার সমাধান করিতে
পারিলে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘটনা
কমিয়া যাইবে।